তারিখ 17 JUL 2016
পৃষ্ঠা ৭ কলাম ২

কালের কণ্ঠ

# বাগমারায় জঙ্গিবাদ প্রতিরোধে ৩৭০ শিক্ষার্থীর শপথ

**নিজস্ব প্রতিবেদক**, রাজশাহী ▷

রাজশাহীর বাগমারায় জঙ্গিবাদ প্রতিরোধে সবাইকে এগিয়ে আসার আহ্বান জানিয়ে একসঙ্গে ৩৭০ শিক্ষার্থী শপথ নিয়েছে। গতকাল শনিবার দুপুরে উপজেলার সালেহা-ইমারত চ্যারিটেবল ফাউন্ডেশনের উদ্যোগে জিপিএ ৫ পাওয়া শিক্ষার্থীদের সংবর্ধনা অনুষ্ঠানে এ শপথ নেয় তারা।

শপথ নিয়ে শিক্ষার্থীরা বলে, লেখাপড়া শিখে তারা দেশ সেবাসহ নানা পেশায় যুক্ত হবে। তবে দেশের ক্ষতি হয় এমন কোনো কর্মকাণ্ডে তারা জড়াবে না।

অনুষ্ঠানে উপস্থিত বক্তারা বলেন, 'শিক্ষার্থীদের কাউকে যদি দেশবিরোধী কোনো কাজের জন্য কেউ আহ্বান জানায়, দ্রুত সে যেন তার মা-বাবাকে বলে দেয় এবং আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে বলে দিতে হবে। তাহলে কোনো শিক্ষার্থীকেই কোনো সন্ত্রাসী গোষ্ঠী তাদের দলে ভেড়াতে পারবে না। এর জন্য সমাজে আরো বেশি সচেতনতা সৃষ্টি করতে শিক্ষাপ্রতিষ্ঠানগুলোর শিক্ষকদেরও কাজ করতে হবে।' এ সময় তারা জঙ্গিবাদ প্রতিরোধে সবাইকে এগিয়ে আসার আহ্বান জানান।

বাগমারার ভবানীগঞ্জ নিউ মার্কেট চত্বরে এ সংবর্ধনার আয়োজন করা হয়। সংবর্ধনা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন স্থানীয় এমপি ও এনা গ্রুপের চেয়ারম্যান এনামুল হক, রাজশাহী শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক আবুল কালাম আজাদ, উপজেলা নির্বাহী কর্মকর্তা নাসরিন আকতার, মাধ্যমিক শিক্ষা অধিদপ্তরের সহকারী পরিচালক ওলীউল আলম, এনা গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক তহুরা হক প্রমুখ।